

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১১.০২৩.২৪- ২৮০৯


তারিখঃ ১১.১১.২০২৪খ্রি.

বিষয়: 'কিশোর কিশোরী ক্লাব স্থাপন' শীর্ষক প্রকল্পে জানুয়ারি/২০২৫ খ্রি. হতে নতুন ক্লাব সদস্য অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে প্রতিটি পৌরসভা ও ইউনিয়নে (৩৩০ টি পৌরসভা ও ৪৫৫৩ টি ইউনিয়ন) ৪৮৮৩ টি ক্লাব স্থাপন করা হয়েছে। প্রত্যেক ক্লাবে ৩০ জন করে প্রতি বছর ১,৪৬,৪৯০ জন কিশোর-কিশোরীদের সংগীত, আবৃত্তি ও সামাজিক সচেতনতা এবং আত্মরক্ষামূলক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে সুবিধা প্রদান করা হচ্ছে। জানুয়ারি/২০২৪ খ্রি. হতে ডিসেম্বর/২০২৪ খ্রি. পর্যন্ত তৃতীয় ব্যাচের কিশোর-কিশোরীদের চলমান প্রশিক্ষণ সমাপ্ত হবে।

২। পরবর্তী ব্যাচের জন্য জানুয়ারি/২০২৫ খ্রি. হতে প্রতি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর যাদের বয়স ১০-১৯ বছর সদস্য বাছাই করে ক্লাব সদস্য হিসেবে ভর্তি করার জন্য অনুরোধ করা হল। ক্লাব সদস্য বাছাই প্রক্রিয়ায় ক্লাব ব্যবস্থাপনা কমিটি (সিএমসি) সভার সদস্য, জেম্ভার প্রমোটার এবং সংশ্লিষ্ট ক্লাবের শিক্ষকদের সহায়তা নেয়া যেতে পারে।

৩। উল্লেখ্য পুরাতন ক্লাব সদস্যদের তালিকা সংরক্ষণ এবং নতুন ক্লাব সদস্যদের তালিকা প্রকল্পের website (www.kkcp.gov.bd) এ আগামী ৩১ জানুয়ারি/২০২৫ খ্রি. এর মধ্যে এন্ট্রি প্রদান করতে হবে।


১১.১১.২০২৪

মোঃ লিয়াকত আলী

উপ-প্রকল্প পরিচালক

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

উপ-পরিচালক (সকল জেলা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)
- ২। সহকারী পরিচালক, (ওয়েবসাইটে দায়িত্বপ্রাপ্ত কর্তৃকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। ফিল্ড সুপারভাইজার, (সকল) (বিষয়টি নিবিড় মনিটরিং এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ওয়েবসাইটে হালনাগাদ নিশ্চিত করার জন্য বলা হল)
- ৫। জেম্ভার প্রমোটার, সংগীত ও আবৃত্তি শিক্ষক (সকল) (ক্লাব সদস্যদের সকল তথ্য সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ওয়েবসাইটে হালনাগাদ নিশ্চিত করার জন্য বলা হল)
- ৬। অফিস কপি।